

Times Today BD

রিয়া আক্তার | ক্যাম্পাস | 08 May, 2025

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের সাবজেক্ট চয়েসের ফলাফল প্রকাশ হবে আজকে রাতের মধ্যে। এছাড়া ভর্তি চলবে ১২ থেকে ১৫ মে পর্যন্ত।

বৃহস্পতিবার (০৮ মে) বিষয়টি নিশ্চিত করেছেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মো. আনোয়ার হোসেন।

রেজিস্ট্রার বলেন, 'আজ রাত থেকে সাবজেক্ট চয়েসের ফলাফল দেখা যাবে। পরিক্ষার্থীরা নিজ প্রোফাইলে লগ-ইন করে ফলাফল দেখতে পারবে। এছাড়া, এসএমএসের মাধ্যমে জানতে পারবে ফলাফল।

ফি'র বিষয়ে বলেন, '১৪ হাজার ৬০০ টাকা ভর্তি ফি এবং ডিন অফিস ও বিভাগ কর্তৃক নির্ধারিত ফি যোগ হবে এর সাথে। ভর্তি হতে যা ডকুমেন্টস লাগবে তা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে দেখা যাবে। সশরীরে উপস্থিত হয়ে ভর্তি হতে হবে।

উল্লেখ্য, গত ১৯ এপ্রিল (শনিবার) সি^১ ইউনিটে ১২টি কেন্দ্র ৭ হাজার ৬৪৬জন পরিক্ষার্থী, এ^১ ইউনিটে ৩০ টি কেন্দ্রে ২১ হাজার ৯৯৯জন পরিক্ষার্থী ও ২৫ এপ্রিল 'বি' ইউনিটে ২১ টি কেন্দ্রে ১৬ হাজার ৭৫৮ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করেন। এরমধ্যে এ^১ ইউনিটে পাসের হার ৩৪.০৫%, সি^১ ইউনিটে পাসের হার ৬৯.৭৫%, 'বি' ইউনিটে পাসের হার ৪৯.৭১ শতাংশ।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:23

URL: <https://www.timestodaybd.com/campus/3212502161>